দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 26 1999

পৃষ্ঠা ৬ কলাম ৭

## সোনাকান্দা পীর ছাহেব কর্তৃক মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদ

মুরাদনগর সংবাদদাতা জানান, কুমিল্লার মুরাদনগরস্থ সোনাকান্দা দারুল হুদা দরবার শরীফের গদ্দিনশীন পীর হযরত মাওলানা মোঃ আবু বকর শামছুল হুদা এক বিবৃতিতে বলেন, বর্তমান বিশ্বে ইহুদী-খ্রীস্টান ধর্মী দাতাদেশ ও সংস্থারা কোটি কোটি টাকা ব্যয় করছে মুসলমানদের ঈমান ও আকিদা ধ্বংসে করার লক্ষ্যে। তাই সর্বক্ষেত্রে নারী সমাজে বেপর্দা, নগ্নতা ও বেহায়াপনা প্রাধান্য পেয়েছে। ইসলামী সমাজ ব্যবস্থা আজ ইউরোপীয় কালচারে পরিণত হয়েছে। তাই নাস্তিকবাদীদের লেলিয়ে দেয়া এনজিও এবং ভাড়াটিয়া বুদ্ধিজীবীদের দ্বারা এ দেশের ইসলামী শক্তি ধ্বংস করার জন্য মাদ্রাসা শিক্ষা বন্ধের জঘন্য ষড়যন্ত্র চলছে। তৌহিদী জনতা যে কোন মূল্যে এটি প্রতিহত করবে।

## বিপুল সংখ্যক মাদ্রাসার স্বীকৃতি ও অনুদান বন্ধের বেগমগঞ্জের জমিয়তুল মোদার্রেছীনের নিন্দা ক্ষোভ

বেগমগঞ্জ নিজস্ব সংবাদদাতা ঃ সম্প্রতি জমিয়তুল মোদার্রেছীনের বেগমগঞ্জ থানা শাখার উদ্যোগে বিভিন্ন মাদ্রাসাসমূহের অধ্যক্ষ ও বিশিষ্ট ওলামা-কেরামদের এক সভা চৌমুহনী সাব রেজিস্ট্রি মসজিদে মাওলানা আবু ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা সরকার কর্তৃক সারাদেশে অসংখ্য মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও অনুদান বন্ধের সিদ্ধান্তের তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করেন। এছাড়া বেগমগঞ্জ থানা ওলামা পরিষদের উদ্যোগে মাওলানা আবদুল হাইয়ের সভাপতিত্বে এক সভায় এবং ঐতিহ্যবাহী সামাজিক সংগঠন ইসলামী তাহযীব পরিষদের অপর এক সভায় মাওলানা নূরুল্লাহ ও সেক্রেটারী মাওলানা আলাউদ্দিন ও বিশিষ্ট মুক্তিযোদ্ধা গিয়াস উদ্দিন কাউছার তাদের বক্তৃতায় আওয়ামী সরকার কর্তৃক দেশের বিপুল সংখ্যক মাদ্রাসার স্বীকৃতি ও অনুদান বন্ধের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।

## মাদ্রাসা শিক্ষা বন্ধের বিরুদ্ধে চাটখিলে বিক্ষোভ

চাটখিল (নোয়াখালী) নিজস্ব সংবাদদাতা ঃ দেশব্যাপী মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের বিরুদ্ধে চাটখিলে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। চাটখিল থানা মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের উদ্যোগে চাটখিল পৌর মাঠে থানা আহবায়ক নূর হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি ছিলেন নোয়াখালী জেলা আহবায়ক দেলোয়ার হোসেন। উক্ত সমাবেশে বক্তব্য রাখেন সাহাবুদ্দীন, আবুল বারাকাত, তানভীর সিদ্দিকী প্রমুখ। প্রতিবাদ সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল পৌর সদরের গুরুত্বপূর্ণ সড়কসমূহ প্রদক্ষিণ করে।